



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ ৩৪৬/২, ঢোলাদিয়া রোড, কাঠগোলা বাজার, ময়মনসিংহ।

ফোন : ০৯১-৬৩৩৩৩ (অনুসন্ধান)

www.mymensingheducationboard.gov.bd

নং- মশিবো/বিদ্যা/১৫/২০১৯/১৪০

তারিখ : ১৬/০৯/২০২১ খ্রিঃ

বিষয় : বিদ্যালয়ে নিয়মিত ম্যানেজিং কমিটি সংক্রান্ত উদ্ধৃত জটিলতার ব্যাখ্যা ও তা নিরসনে গৃহীত পদক্ষেপ প্রসঙ্গে।

সূত্র : (i) মহামান্য হাইকোর্টের Contempt Petition No.- 477/2020 এর আদেশ

(ii) মহামান্য হাইকোর্টের Writ Petition No.- 2005/2020 এর আদেশ

উপর্যুক্ত বিষয় ও সূত্র মূলে জামালপুর জেলার সদর উপজেলাধীন “নারিকেলী উচ্চ বিদ্যালয়” এর প্রধান শিক্ষক নবগঠিত ম্যানেজিং কমিটি অনুমোদনের জন্য ২২/০১/২০১৮ খ্রিঃ তারিখে ঢাকা শিক্ষা বোর্ডে আবেদন দাখিল করেন। কিন্তু উক্ত কমিটির প্রস্তাবিত সভাপতি নির্বাচনী সভায় এস.আর.ও নং-৯৯-আইন/২০০৯ এর প্রবিধান ৮(১) অনুসারে দুই-তৃতীয়াংশ নির্বাচিত সদস্যদের উপস্থিতি নেই উল্লেখ করে বিদ্যালয়ের নবগঠিত ম্যানেজিং কমিটি অনুমোদন দেয়া গেল না মর্মে ঢাকা বোর্ড স্মারক নং- ৮৮(ক)/জামাল/২০৪৮ তারিখঃ ০৬/০২/২০১৮ খ্রিঃ পত্র ইস্যু করেন এবং একইসাথে বিদ্যালয়টি সুষ্ঠুভাবে পরিচালনার জন্য এডহক কমিটি গঠনের অনুমতি প্রদান করেন। তদপূর্ববর্তী ঢাকা শিক্ষা বোর্ডের পত্র স্মারক নং- ৮৮(ক)/জামাল//৩০৮৭ তারিখঃ ২৫/০৩/২০১৮ খ্রিঃ মোতাবেক এডহক কমিটি অনুমোদন করা হয়। সূত্রস্থ (ii) এর আদেশ মোতাবেক উদ্ধৃত বিষয়টি নিষ্পত্তির লক্ষ্যে ০৮/০৯/২০২১ খ্রিঃ তারিখে বিদ্যালয় পরিদর্শক মহোদয়ের কক্ষে বাদী-বিবাদী সকলকে নিয়ে বিস্তারিত আলোচনাস্তে সিদ্ধান্ত দেয়া হয় যে, প্রবিধানসম্মত না হওয়ায় ঢাকা শিক্ষা বোর্ডের ন্যায় ময়মনসিংহ শিক্ষা বোর্ডেরও উক্ত ম্যানেজিং কমিটির অনুমোদন দেয়ার সুযোগ নেই। কোভিড-১৯ পরিস্থিতির কারণে ম্যানেজিং কমিটির কার্যক্রম বন্ধ ছিল যা অত্র বোর্ডের পত্র স্মারক নং- ময়শিবো/প্রশাঃ/০২/২৫/১৮/১৩৬ তারিখঃ ১৩/০৯/২০২১ মোতাবেক উক্ত নিষেধাজ্ঞা তুলে নেয়া হয়েছে।

এমতাবস্থায়, বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি গঠনকল্পে এডহক কমিটি অনুমোদনের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

প্রাপক : প্রধান শিক্ষক

“নারিকেলী উচ্চ বিদ্যালয়” (EIN: 109891 )

উপজেলা: সদর, জেলা : জামালপুর।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাঃ

ড. মোঃ দিদারুল ইসলাম

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ময়মনসিংহ।

মেমো নং- ১৪০(১১)

তারিখ : ১৬/০৯/২০২১ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। উপজেলা নির্বাহী অফিসার, সদর, জামালপুর।
- ২। জেলা শিক্ষা অফিসার, জামালপুর।
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, জামালপুর।
- ৪। সহকারি প্রোগ্রামার, অত্র বোর্ড (পত্রটি অত্র বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ অনুরোধসহ)।
- ৫। জনাব মোঃ আব্দুল মোতালেব, সভাপতি, এডহক কমিটি, “নারিকেলী উচ্চ বিদ্যালয়”, সদর, জামালপুর।
- ৬। জনাব মোঃ আনোয়ার হোসেন, পিতাঃ মোঃ আব্দুল হামিদ, গ্রামঃ ফতেপুর, সদর, জামালপুর।
- ৭। জনাব মোঃ আবুল কালাম আজাদ, পিতাঃ মৃত আহম্মদ আলী ফকির, গ্রামঃ পারপাড়া, সদর, জামালপুর।
- ৮। জনাব মোঃ ময়নাল হক, পিতাঃ মোঃ আব্দুল আওয়াল মোল্লা, গ্রামঃ পারপাড়া, সদর, জামালপুর।
- ৯। জনাব মোঃ মোকাদ্দেছ, পিতাঃ মৃত মোঃ মোজাম্মেল হোসেন, গ্রামঃ কুমারপাড়া, সদর, জামালপুর।
- ১০। জনাব ফেরদৌসী জাহান, স্বামীঃ মোঃ শাহ আলম, গ্রামঃ নারিকেলী, সদর, জামালপুর।
- ১১। অফিস কপি।

16,09,2021

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ময়মনসিংহ।